দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 NOV 1998 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ......

## শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের প্রশংসনীয় উদ্যোগ ঃ কিছু সংশোধনী

গত ৮ই অক্টোবর ২৩শে আশ্বিন ''শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের প্রশংসনীয় উদ্যোগ'' শিরোনামে চিঠিপত্র কলামে একটি মতামত প্রকাশিত হয়। গত সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনাপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। দেখা যায়, বিজ্ঞপ্তিতে কিছু শর্ত আরোপ করা হয়েছে। যেমনঃ গত এসএসসি, এইচএসসি পরীক্ষায় যারা একটি বিষয়ে ফেল করে অকৃতকার্য হয়েছে তারা আগামী পরীক্ষার সময় শুধু ঐ বিষয়ে পরীক্ষা দিয়ে ''বিশেষ পাস'' সার্টিফিকেট পেতে পারে; কিন্তু রেজিস্ট্রেশনের মেয়াদ থাকতে হবে। যেহেতু একটি বিষয়ে পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হয়েছে বিগত পরীক্ষার ধারাবাহিকতায় বা জের হিসেবে অর্থাৎ যারা বিগত পরীক্ষায় ৯টি বিষয়ে পাস করেছে কিন্তু একটি বিষয়ে পাস করেনি সে ক্ষেত্রে বিগত পরীক্ষায় যারা এমন অবস্থায় পড়েছে তাদের সকলের পরীক্ষার সুযোগ দেয়া উচিত বলে মনে হয়। কারণ বিশেষ ক্ষেত্র হিসেবে বিশেষ সুযোগ দেয়া হচ্ছে। এক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদ সম্পর্কে শর্ত আরোপ যুক্তিযুক্ত নয় বলে প্রতীয়মান হয়। দ্বিতীয়ত, আমাদের দেশে মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং শিক্ষা ক্ষেত্রে এরূপ পরীক্ষার সুযোগ বিদ্যমান আছে। তাদের ক্ষেত্রে পূর্ববর্তী মূল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে গ্রেড/ শ্রেণী বন্টন করা হয়ে থাকে। সদাশয় সরকার তথা শিক্ষা মন্ত্রণালয় যখন অসহায়দের সহায়তা দানের জন্য একটি প্রশংসনীয় সিদ্ধান্ত গ্রহণ করেছেন, সে ক্ষেত্রে উপরোক্ত বিষয় বিবেচনা, বিশেষ করে, রেজিস্ট্রেশনের প্রতিবন্ধকতা উঠিয়ে দেয়া সম্পর্কে একটি সংশোধিত নির্দেশ/ বিজ্ঞপ্তি জারি করার জন্য আকুল আবেদন জানানো হল।

মোঃ শাহজাহান
শ্রীপুর, গাজীপুর।